

# Launch of booklet on 'Pre departure information for Indians going to the European Union'

November 11, 2021

## "ইউরোপীয় ইউনিয়নে যাওয়া ভারতীয়দের জন্য প্রাক-প্রস্থান তথ্য" পুস্তিকা প্রকাশ

নভেম্বর 11, 2021

ইউরোপিয়ান ইউনিয়নে যাওয়া অভিবাসী কর্মীদের কল্যাণ এবং সহায়তা বৃক্ষি করার জন্য বিদেশ মন্ত্রকের (এমইএ) একটি থিংক ট্যাংক, ইন্ডিয়া সেন্টার ফর মাইগ্রেশন(আইসিএম) এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) প্রাক-প্রস্থান পরিচিতি বা প্রি ডিপার্চার ওরিয়েলেন্টেশন (পিডিও) পুস্তিকা প্রস্তুত করেছে। 11 ই নভেম্বর 2021 -এ প্রাক- প্রস্থান পুস্তিকার জাতীয় প্রকাশ অনুষ্ঠানে শ্রী আৰুগানী রামু যুগ্ম সচিব (ওআইএ আই) ও আইসিএম-এর সিইও এবং শ্রীযুক্ত সেফো নূরমি, ভারত ও ভুটানের ইউরোপিয়ান ইউনিয়নের ডেপুটি হেড অব মিশন, পুস্তিকাটির প্রকাশ করেছেন।

এই পুস্তিকাটি ভারত-ইউ কমন এজেন্ডা ফর মাইগ্রেশন অ্যান্ড মোবিলিটি (সিএএমএম) এর সম্মত পদক্ষেপ বাস্তবায়নের প্রযুক্তিগত প্রকল্পের অধীনে তৈরি করা হয়েছে। এই পুস্তিকাটিতে যে সকল ভারতীয় অভিবাসী ইউরোপিয়ান ইউনিয়নে অভিবাসন করতে চান তাদের জন্য ব্যাপক তথ্য এবং নির্দেশিকা দেওয়া রয়েছে। এর মধ্যে অত্যবশ্যক তথ্যাবলী দেওয়া রয়েছে যেমন, ইউরোপিয়ান ইউনিয়নে যাবার প্রক্রিয়া, যে ধরনের ভিসা পাওয়া যায় সেগুলি, পৌঁছনোর আগে এবং পৌঁছনোর পরবর্তী তথ্য, যেগুলি ইউরোপিয়ান ইউনিয়নে অভিবাসন করতে ইচ্ছুক সকলের পক্ষে একটি নির্দেশিকা হিসেবে কাজ করবে। এই পুস্তিকাটি অন লাইনে পাওয়া যাবে এবং ব্যাপক ভাবে বিতরণ করা হবে।

এই পিডিও পুস্তিকাটি বিদেশে কাজ করতে ইচ্ছুক সকল অভিবাসীদের প্রাক-প্রস্থান পরিচিতি প্রদানে ভারত সরকারের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ সংযোজন। এটি ভারত এবং ইউরোপিয়ান ইউনিয়নের মধ্যে অভিবাসনকে নিরাপদ এবং আইনি করার প্রচেষ্টাকে মজবুত করবে।

নিউ দিল্লি

নভেম্বর 11, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.